# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 28-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) রাজ্যে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ৩৬জন প্রার্থীর মনোনয়ন পত্র বৈধ ঘোষণা/ ৩০শে মার্চ মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন/

(২) আসামের শিলচর, করিমগঞ্জ সহ পাঁচটি আসন নিয়ে দেশের মোট ৮৮টি লোকসভা আসনে দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি/

(৩) ষাট সদস্য বিশিষ্ট অরুণাচল প্রদেশ বিধানসভার পাঁচটি আসনে বিজেপি প্রার্থীদের বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ/

এবং

(৪) নাগাল্যান্ডের আটটি এবং অরুণাচল প্রদেশের তিনটি জেলায় কেন্দ্রীয় সরকারের সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের মেয়াদ আরও ছ'মাস বৃদ্ধি/

---

আসামে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ মনোনয়নপত্র পরীক্ষার দিনে ৩৮ টি মনোনয়নপত্রের মধ্যে ৩৬ টি মনোনয়নপত্র বৈধ বলে গণ্য করা হয়েছে । শোণিতপুর ও কাজিরাঙ্গা আসন থেকে দাখিল করা একটি করে মনোনয়নপত্র বাতিল করা হয় । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আজ

একথা জানান । মনোনয়নপত্রগুলি পরীক্ষার শেষে কাজিরাঙ্গা আসনে ১১জন , শোণিতপুরে ৮ জন , লখিমপুরে ৯ জন ,ডিব্রুগড়ে তিনজন এবং যোরহাট লোকসভা আসনে পাঁচজন প্রার্থী রয়েছেন । বিজেপির হয়ে আসামের প্রাক্তন মূখ্যমন্ত্রী তথা বর্তমানের কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,সাংসদ প্রদান বরুয়া ,সাংসদ তপন কুমার গগৈ ,প্রাক্তন মন্ত্রী তথা বিধায়ক রঞ্জিত দত্ত এই পর্যায়ের জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন । কংগ্রেসের সাংসদ গৌরব গগৈ এবং প্রাক্তন বিধায়ক রজলিনা তির্কীও মনোনয়নপত্র দাখিল করেছেন । ডিব্রুগড় আসনে সর্বানন্দ সনোয়ালের বিরুদ্ধে অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ অবতীর্ণ হয়েছেন । আগামী ৩০ শে মার্চ মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার দুটি লোকসভা আসন শিলচর, করিমগঞ্জ সহ আসামের ৫ টি আসন নিয়ে মোট ৮৮ টি আসনের দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । দ্বিতীয় পর্যায়ে আসাম এবং বিহারের ৫টি করে ,মণিপুর , ত্রিপুরা ও জম্মু কাশ্মীরের একটি করে ,কেরালার ২০ টি ,কর্ণাটকের ১৪ টি ,রাজস্থানের ১৩ টি ,উত্তরপ্রদেশ ও মহারাস্ট্রের আটটি করে ,মধ্যপ্রদেশের ৭টি এবং পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ের তিনটি করে লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় এই আসনগুলির জন্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামী চৌঠা এপ্রিল ।

--------------------------------------------------------------------------------

এদিকে কাছাড়ের রির্টানিং অফিসার রোহন কুমার ঝা আজ আনুষ্ঠানিকভাবে শিলচর সংরক্ষিত লোকসভা আসনের বিজ্ঞপ্তী জারী করে জানিয়েছেন যে আজ সকাল ১১টা থেকে আগামী চৌঠা এপ্রিল বিকেল তিনটে পর্য্যন্ত নির্বাচনে অবতীর্ণ হতে ইচ্ছুক প্রার্থীরা তাদের মনোনয়ন জমা দিতে পারবেন । ৫ই এপ্রিল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করা হবে এবং আগামী ৮ই এপ্রিল বিকেল তিনটে পর্য্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে । উল্লেখ্য, আজ মনোনয়নপত্র

জমা দেবার প্রথম দিনে শিলচর লোকসভা আসনে কোনো প্রার্থীই তাদের মনোনয়পত্র জমা দেন নি।

জেলা নির্বাচনী আধিকারীক শ্রী ঝা আরো জানান যে শিলচর লোকসভা আসনের ব্যয় পর্য্যবেক্ষক, ভারতীয় রাজস্ব সেবার আধিকারীক রাজকুমার কেন্দ্রা আজই শিলচর এসে পৌছেছেন এবং ভোট গ্রহন পর্য্যন্ত শ্রী কেন্দ্রা শিলচর আর্বত ভবনে অবস্থান করবেন । শ্রী ঝা জানান যে কাছাড় জেলায় মোট ১৫৫টি ভোট গ্রহন কেন্দ্র স্থাপন করা হবে । এরমধ্যে ২১০টি মহিলা পরিচালিত ভোট কেন্দ্র , ১৪টি আর্দশ ভোট কেন্দ্র এবং সাতটি বিশেষভাবে সক্ষম ব্যাক্তি দ্বারা পরিচালিত ভোট কেন্দ্র থাকবে । এবারের নির্বাচনে কাছাড় জেলায় ১১৭ জন শতবর্ষের উপরের ভোটার রয়েছেন যাদের ভোটের দিন জেলা প্রশাসন থেকে বিশেষভাবে সংবর্ধনা জানানো হবে বলে রির্টানিং অফিসার শ্রী ঝা জানান ।

---------------------------------------------------------------------------

অন্যদিকে করিমগঞ্জ লোকসভা আসনের জন্য আজ নির্বাচনী বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । করিমগঞ্জ লোকসভা নির্বাচন কেন্দ্রের রির্টানীং অফিসার তথা জেলা আয়ুক্ত মৃদুল যাদব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জ লোকসভা আসনে নির্বাচনে অবতীর্ণ হতে ইচ্ছুক প্রার্থীরা করিমগঞ্জ জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক বা জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সহকারী রির্টানিং অফিসারের কাছে আজ সকাল ১১টা থেকে আগামী চৌঠা এপ্রিল বিকেল তিনটের মধ্যে মনোনয়ন পত্র জমা করতে পারবেন ।

---------------------------------------------------------------------------

প্রথম পর্যায়ে রাজ্যে পাঁচটি লোকসভা আসনের জন্য অনুষ্ঠেয় নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান ক্রমশঃ গতি লাভ করছে । বিজেপি নেতা- রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ গোলাঘাট জেলার নুমুলিগড়ে গিয়ে সেখানকার জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেন । ডিব্রুগড় আসনের প্রার্থী থা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ টিংখং বিধানসভা আসনে নির্বাচনী প্রচারে অংশ নেন । এই আসনে অসম জাতীয় পরিষদের

প্রার্থী লুরিনজ্যোতি গগৈ আজ দুলিয়াজান এবং নাহরকটিয়া বিধানসভা এলাকায় প্রচার চালাইয়েছেন । রঙিয়াতে আজ দরং-উদালগুড়ি আসনের বিজেপি প্রার্থী সাংসদ দিলীপ শইকিয়া প্রচারে অংশ নেন । এদিকে যোরহাট লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ আজ শিবসাগর জেলার আমগুড়ি এবং শিবসাগরের পাশ্ববর্তী অঞ্চলে নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । এদিকে করিমগঞ্জ জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের কানিশাইলে আজ বিজেপি'র প্রবীণ নেতা মিশন রঞ্জন দাস দলীয় প্রার্থী তথা বর্তমান সাংসদ কৃপানাথ মালাহ্'র হয়ে নির্বাচনী প্রচার চালান ।

---------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের বিধানসভা নির্বাচনে পাঁচজন বিজেপি প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় বিজয়ী হয়েছেন । আসন্ন লোকসভা নির্বাচনের পাশাপাশি ষাট সদস্য বিশিষ্ট অরুণাচল প্রদেশ বিধানসভারও নির্বাচন একইসঙ্গে অনুষ্ঠিত হচ্ছে । এর পরিপ্রেক্ষিতে ঐ রাজ্যে গতকাল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে শুধুমাত্র বিজেপি প্রার্থীরাই মনোনয়ন পত্র জমা দেওয়ায় এই আসনগুলি থেকে তারা বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন । এই পাঁচজন প্রার্থীর মধ্যে অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডুও রয়েছেন । উল্লেখ্য- এই নিয়ে শ্রী খান্ডু চতুর্থ বার তার আসন থেকে বিনা প্রতিদ্বন্দিতায় বিধায়ক নির্বাচিত হয়েছেন । তিনি তাওয়াং জেলার মুক্তো বিধানসভা আসন থেকে নির্বাচনে মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন। এছাড়া অন্য চারজন বিজেপি প্রার্থী যারা বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হলেন, তারা হচ্ছেন- টালি আসনে জিক্কে টাকো, টালিহা আসনে নিয়্যাতো দুকোম, সাগালী আসনে রাতু টেচি এবং রয়িং আসন থেকে মুটচু মিথি । অরুণাচল প্রদেশে বিধানসভা এবং লোকসভার দুটি আসনে প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিল ভোটগ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার নাগালেন্ডের ৮টি জেলায় এবং অরুণাচলপ্রদেশের তিনটি জেলায় সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের মেয়াদ ছয়মাস পর্যন্ত বৃদ্ধি করেছে । পয়লা এপ্রিল থেকে ছয়মাস পর্যন্ত অশান্ত অঞ্চল হিসেবে চিহ্নিত

নাগালেন্ডের ৮টি জেলার ২১ টি থানার অধীন অঞ্চলগুলির সঙ্গে অরুণাচলপ্রদেশের তিনটি থানার অর্ন্তগত অঞ্চলগুলি এই আইনের আওতায় থাকবে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে নাগালেন্ডের ডিমাপুর ,নিউলেন্ড ,সুমৌকেডিমা ,মন ,কিফিরে ,নকলাক , ফেক ও পেরেন জেলা তথা অন্য পাঁচটি জেলার ২১ টি থানার অর্ন্তগত অঞ্চলগুলিকে ছয়মাসের জন্য উপদ্রুত অঞ্চল হিসেবে ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ চলতি বছরের জন্য নবম শ্রেণীর শিক্ষার্থীর নাম পঞ্জীয়নের ক্ষেত্রে পূর্বে জারী করা নির্দেশের বেশকিছু সংশোধন করেছে । পর্ষদের সচিবের জারি করা নির্দেশ অনুসারে পঞ্জীয়নের জন্য ১১ সংখ্যার ইউ ডাইস কোড বাধ্যতামূলক করা হয়েছে । কোনো বিদ্যালয়ের ইউ ডাইস কোড না থাকলে তাঁরা আবেদন করেছে বলে উল্লেখ করতে হবে ।এই কোড না থাকা বিদ্যালয়গুলিকে শীঘ্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন করতে নির্দেশ দেওয়া হয়েছে । নির্দেশ অনুসারে ইউ ডাইস কোড না থাকা শিক্ষা প্রতিষ্ঠান পরবর্তী শিক্ষাবর্ষ থেকে ছাত্র ছাত্রীর পঞ্জীয়ন করতে পারবে না । নির্দেশ অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীর নাম পঞ্জীয়নের সময় গুণোৎসব বা শিক্ষা সেতুতে ব্যাবহার করা অষ্টম শ্রেণীর ১৭ সংখ্যার আই ডি প্রদান করতে হবে । শিক্ষার্থীর এই আই ডি না থাকলে নির্ধারিত স্থানে উপলব্ধ নয় বলে বিদ্যালয়গুলিকে উল্লেখ করতে হবে । ছাত্র ছাত্রীর ১৭ সংখ্যার আই ডি না থাকা বেসরকারী বিদ্যালয় ও অপ্রাদেশীকৃত শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকেও পঞ্জীয়নের সময় উপলব্ধ নয় বলে উল্লেখ করতে নির্দেশ দেওয়া হয়েছে । এদিকে মাধ্যমিক শিক্ষা পর্ষদ ছাত্র-ছাত্রীদের নবম শ্রেণীর নামভর্তির সময় অষ্টম শ্রেণীর মার্কশিট ,প্রমাণপত্র ,রিপোর্ট কার্ড সংগ্রহ করে সেটি কার্যালয়ের নথি হিসেবে রাখতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক তথা ব্যয় পর্যবেক্ষণ সেল'এর পক্ষ থেকে তাদের পূর্ববর্তী নির্দেশের আংশিক পরিবর্তন করে জেলায় সাতজন পর্যবেক্ষককে নিযুক্তি দেওয়া হয়েছে । আসন্ন লোকসভা নির্বাচন

সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পিনাক দে, সুশান্ত অভিষেক বারলা, রত্নদীপ দে, দেবানন্দ দাস, দিলীপ কুমার দাস, নীরজ কুমার, জয়দীপ দামকে সহকারী ব্যয় পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । এছাড়া বাবুল চন্দ্র দাস এবং সুশান্ত কংসবণিককে একই দায়িত্বে রিজার্ভে রাখা হয়েছে । এছাড়া মানস প্রতিম হাজারিকাকে সদর দপ্তরের দায়িত্ব পালনের নির্দেশ দেওয়া হয়েছে ।

অনুরূপভাবে পরিবর্তিত আদেশে শ্যাডো অবজার্ভেশন রেজিস্টার এবং প্রার্থীদের ব্যয় রেজিস্টার ইত্যাদি নিরীক্ষণের জন্য কাছাড় জেলার বিধানসভা এলাকা ভিত্তিক যেসব আধিকারিকদের নিযুক্তি দেওয়া হয়েছে, তারা হচ্ছেন- শিলচর বিধানসভা এলাকায় জয়দীপ পাল, সোনাইতে পার্থপ্রতিম রায়চৌধুরী, ধলাইয়ে অভিজিৎ দাওলাগাপু, উধারবন্দে রাজু চন্দ, লক্ষ্মীপুরে নির্মলেন্দু মালাকার, বড়খলায় দেবজ্যোতি দেবচৌধুরী এবং কাটিগড়ায় রাহুল কুমার ভট্ট াচার্য । সেইসঙ্গে প্রত্যেক আধিকারিকের সঙ্গে সহায়ক হিসেবে একজন করে নিযুক্তি দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচন সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসন থেকে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা আজ নিজ কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে নির্বাচন সংক্রান্ত যেকোন অভিযোগ এই কন্ট্রল রুমে জানানো যাবে এবং কন্ট্রল রুমটি ২৪ ঘন্টা খোলা থাকবে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে- ০৩৮৪২-২৬১০০৬ এবং হোয়াটস অ্যাপ নম্বর হচ্ছে-৭০০২৮৩২৮৯৮ ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে লোকসভা নির্বাচনের প্রাক প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানিয়েছেন যে ভোট কর্মীদের প্রশিক্ষন , ই ভি এম মেশিনের রেনডোমাইজেশনের কাজ সম্পন্ন হয়েছে । এদিকে জেলার নতুন ভোটারদের ভোটদানে উৎসাহিত করে তুলতে জেলার কলেজগুলিতে আজ থেকে বিশেষ সচেতনতা অভিযান শুরু হয়েছে ।

---

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষ্যে নতুন ভোটারদের সচেতন করতে আজ কাটলীছড়া এস কে রায় কলেজে এক ভোটার সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয় । এতে জেলা প্রশাসনের পক্ষে সহকারী আয়ুক্ত পূজা দাওলাগাপু প্রথমবারের মতো ভোট দিতে জাওয়া ছাত্র ছাত্রীদের ভোটদানের প্রয়োজনীয়তা ও তাঁদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে ব্যাখ্যা করেন । এরপর বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।  এছাড়াও ছাত্র ছাত্রীদের মধ্যে তাৎক্ষণিক কুইজ প্রতিযোগীতা এবং কলেজ প্রাঙ্গণে একটি পথনাটিকা অনুষ্ঠিত হয় ।

---